

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
এসিআর-১ শাখা  
www.ird.gov.bd

তারিখ: ৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ  
২০ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০০০.০২৬.২১.০০০১.২৫.৩৩

বিষয়: গোপনীয় অনুবেদন প্রযোজ্য না হওয়ার ব্যাখ্যা যথাযথভাবে দাখিল।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৬(অংশ-১)-০৬, তারিখ : ০৭/০১/২০২১ খ্রি.


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকের মাধ্যমে ৯ম গ্রেড ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণের জন্য “গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০” জারি করা হয়। উক্ত অনুশাসনমালার ২.৪.১ অনুশাসন নিম্নরূপ :

“কোনো পঞ্জিকাবর্ষে তিন মাস বা ততোধিক সময়ে অনুবেদনকারী কর্মচারী একাধিক হওয়ার কারণে কারও নিয়ন্ত্রণে কর্মকাল তিনমাস না হলে সেক্ষেত্রে প্রতিস্বাক্ষরকারীর নিয়ন্ত্রণে ০৩ (তিন) মাস হলে যথোপযুক্ত প্রমাণসহ আবশ্যিকভাবে প্রতিস্বাক্ষরকারীর নিকট গোপনীয় অনুবেদন দাখিল করতে হবে। উক্ত ক্ষেত্রে প্রতিস্বাক্ষরকারী গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর করবেন এবং ‘প্রতিস্বাক্ষর প্রয়োজন নেই’ উল্লেখ করে প্রতিস্বাক্ষরের অংশে উক্ত কারণ লিপিবদ্ধ করবেন”।

০২। কর্মকর্তাগণের বিগত সময়ের ডেসিয়ার পর্যালোচনায় দেখা যায় অধিকাংশ কর্মকর্তা এসিআর প্রযোজ্য না হওয়ার ব্যাখ্যা যথাযথভাবে দাখিল করেননি। তাদের দাখিলকৃত ব্যাখ্যা অনুযায়ী অনুবেদনকারী কর্মকর্তা একাধিক হওয়ার কারণে এবং কারও নিয়ন্ত্রণে কর্মকাল ০৩ (তিন) মাস পূর্ণ না হওয়ায় এসিআর প্রযোজ্য নয়। গোপনীয় অনুবেদন অনুশাসনমালার ২.৪.১ অনুশাসন অনুযায়ী এ ধরনের ক্ষেত্রে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিয়ন্ত্রণে কর্মকাল একটানা ০৩ (তিন) মাস পূর্ণ হলে এসিআর প্রযোজ্য হবে। অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত ব্যাখ্যায় প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিয়ন্ত্রণে প্রকৃত কর্মকাল উল্লেখ করা হয়না। সে কারণে উক্ত সময়ের এসিআর প্রকৃতপক্ষে প্রযোজ্য হবে কিনা সে বিষয়ে ডেসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গ্রহণে জটিলতার উদ্ভব হয়। সেক্ষেত্রে, উদ্ভূত জটিলতা নিরসনে নিম্নোক্ত ছক মোতাবেক এসিআর প্রযোজ্য না হওয়ার ব্যাখ্যা দাখিল করা প্রয়োজন :

| ক্রম | অনুবেদনকারী কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল | অনুবেদনকারী কর্মকর্তার নিয়ন্ত্রণে প্রকৃত কর্মকাল | প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল | প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিয়ন্ত্রণে প্রকৃত কর্মকাল | মন্তব্য |
|------|---------------------------------------------|---------------------------------------------------|---------------------------------------------------|---------------------------------------------------------|---------|
| (১)  | (২)                                         | (৩)                                               | (৪)                                               | (৫)                                                     | (৬)     |
|      |                                             |                                                   |                                                   |                                                         |         |

০৩। এমতাবস্থায়, বর্ণিত ছক মোতাবেক এসিআর প্রযোজ্য না হওয়ার ব্যাখ্যা (প্রমাণকসহ) দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২০-০৩-২০২৫

মোঃ সামীম আহসান

সিনিয়র সহকারী সচিব

+৮৮০২৫৫১০০২০৮

shameem.ahsan@ird.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল, ঢাকা।
- ৪। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল, ঢাকা।
- ৫। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ৭। মহাপরিচালক/কমিশনার অব কাস্টমস/কমিশনার অব ট্যাক্স (সকল), .....।
- ৮। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা (পত্রটি তাঁর দপ্তরের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৯। সিস্টেম এনালিস্ট, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা (পত্রটি তাঁর দপ্তরের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০০০.০২৬.২১.০০০১.২৫.৩৩/১ (৩)

তারিখ: ৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ  
২০ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
- ২। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা (পত্রটি এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।



২১-০৩-২০২৫  
মোঃ সামিম আহসান  
সিনিয়র সহকারী সচিব